# ঢাকা-১৭ সংসদীয় আসনে তারেক রহমানের মনোনয়নপত্র জমা



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-১৭ আসন থেকে প্রতিদ্বন্দ্বিতার জন্য বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের মনোনয়নপত্র জমা দেওয়া হয়েছে। একই দিনে বগুড়া-৬ আসন থেকেও তার মনোনয়ন দাখিলের কর্মসূচি রয়েছে।

আজ সোমবার রাজধানীর সেগুনবাগিচায় ঢাকা বিভাগীয় কমিশনার ও রিটার্নিং অফিসারের কার্যালয়ে তার পক্ষে মনোনয়ন জমা দেন বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা আব্দুস সালাম। মনোনয়ন দাখিল শেষে তিনি বলেন, তরুণ ভোটারদের সমর্থন বিএনপির দিকেই যাবে এবং চলমান রাজনৈতিক ষড়যন্ত্র সত্ত্বেও জনগণ পরিবর্তনের পক্ষে অবস্থান নেবে। তারেক রহমান নির্বাচিত হলে দেশে গণতন্ত্র ও স্থিতিশীলতা ফিরবে বলেও তিনি মন্তব্য করেন।

এর আগে রোববার ঢাকা-১৭ আসনের জন্য তারেক রহমানের মনোনয়নপত্র সংগ্রহ করেন বিএনপি চেয়ারপারসনের একান্ত সচিব এ বি এম আব্দুস সাত্তার।

একই দিনে বগুড়া-৬ আসন থেকেও তারেক রহমানের মনোনয়নপত্র জমা দেওয়ার কর্মসূচি রয়েছে। দুপুর ১২টায় বগুড়া জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয়ে জেলা বিএনপির সভাপতি রেজাউল করিম বাদশার নেতৃত্বে স্থানীয় নেতারা মনোনয়ন জমা দেবেন।

নির্বাচনী তফসিল অনুযায়ী, মনোনয়নপত্র যাচাই চলবে ৩০ ডিসেম্বর থেকে ৪ জানুয়ারি পর্যন্ত। আপিল গ্রহণ করা হবে ৫–৯ জানুয়ারি এবং নিষ্পত্তি হবে ১০–১৮ জানুয়ারি। প্রার্থিতা প্রত্যাহারের শেষ সময় ২০ জানুয়ারি।

২১ জানুয়ারি প্রতীক বরাদ্দসহ চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে। প্রচারণা শুরু হবে ২২ জানুয়ারি এবং চলবে ১০ ফেব্রুয়ারি সকাল সাড়ে সাতটা পর্যন্ত। ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে ১২ ফেব্রুয়ারি সকাল সাড়ে সাতটা থেকে বিকেল সাড়ে চারটা পর্যন্ত।